



ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক
RESERVE BANK OF INDIA
www.rbi.org.in

আরবিআই/২০১২-১৩/১৬৯

ইউবিডি.বিপিডি.সার্কুলার.নং.৫/১৩.০১.০০০/২০১২-১৩

অগস্ট ১৭, ২০১২

মুখ্য নির্বাহী আধিকারিক
সমস্ত প্রাথমিক (শহরাস্থলিক) সমবায় ব্যাঙ্ক

প্রিয় মহাশয় / মহাশয়া,

আর্থিক অন্তর্ভুক্তিকরণ - ব্যাঙ্কিং পরিষেবার সুযোগ গ্রহণ - প্রাথমিক সঞ্চয় ব্যাঙ্ক জমা একাউন্ট (বেসিক সেভিংস ব্যাঙ্ক ডিপোজিট একাউন্ট)

অনুগ্রহ করে এপ্রিল ১৭, ২০১২ তারিখে ঘোষিত ২০১২-১৩ সালের জন্য মুদ্রানীতি বিবরণী'র অনুচ্ছেদ ৮৮ এবং ৮৯ দেখুন।

২. শহরাস্থলিক সমবায় ব্যাঙ্কগুলিকে নভেম্বর ২০০৫ সালে বলা হয়েছিল প্রাথমিক ব্যাঙ্ক ব্যবস্থা হিসেবে অত্যন্ত স্বল্প মাসুলের 'শূন্য' অথবা অত্যন্ত ন্যূনতম ব্যালান্সের একটি 'নো-ফ্রিল্ড' একাউন্ট চালু করতে যাতে জনগণের একটি বিশাল অংশ এই ধরনের একাউন্ট ব্যবহার করতে পারে। 'নো-ফ্রিল্ড' একাউন্ট-এর নামের সঙ্গে যে অপবাদ জড়িয়ে গেছে সেটি দূর করার জন্য এবং সার্বিক ব্যাঙ্কিং ব্যবস্থার অন্তর্গত প্রাথমিক ব্যাঙ্কিং সুবিধাগুলি আরও সমান ভাবে চালু করার জন্য 'নো-ফ্রিল্ড' একাউন্ট খোলা সংক্রান্ত নির্দেশাবলিগুলির কিছু পরিমার্জন করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। তদনুসারে, আর্থিক অন্তর্ভুক্তিকরণ বিষয়ে নভেম্বর ২৪, ২০০৫ তারিখের ইউবিডি.বিপিডি.সার্কুলার নং.১৯/১৩.০১.০০০/২০০৫-০৬-সংখ্যার সার্কুলারের অন্তর্গত নির্দেশাবলিসমূহ খারিজ করে শহরাস্থলিক সমবায় ব্যাঙ্কগুলিকে একটি 'প্রাথমিক সঞ্চয় ব্যাঙ্ক জমা একাউন্ট'-এর সুবিধা প্রদান করতে নির্দেশ দেওয়া হয়, যেটি নিম্নলিখিত ন্যূনতম সাধারণ সুবিধাসমূহ তার সমস্ত গ্রাহকদের দিতে পারবে:

- I. 'প্রাথমিক সঞ্চয় ব্যাঙ্ক জমা একাউন্ট' - একটি সর্বজনীন সাধারণ ব্যাঙ্কিং পরিষেবা বলেই বিবেচিত হবে।
- II. এই একাউন্টে ন্যূনতম ব্যালান্স রাখারও প্রয়োজন নেই।
- III. এই একাউন্টের সঙ্গে যুক্ত পরিষেবার মধ্যে শাখার মাধ্যমে অথবা এটিএম মাধ্যমে টাকা জমা করা, টাকা তোলা যাবে। বৈদ্যুতিন অর্থপ্রদান চ্যানেল অথবা রাজ্য/কেন্দ্রীয় সরকারি এজেন্সি ও বিভাগ কর্তৃক আহরিত চেক জমা/আদায় করা চলবে।
- IV. যদিও এক মাসে এই একাউন্টে কত বার টাকা জমা করা যাবে তার কোনও সীমা থাকবে না তবে এটিএম মাধ্যমে টাকা তোলা সহ মাসে চারবারের বেশি বার টাকা তোলা যাবে না।
- V. এটিএম কার্ড অথবা এটিএম-সহ ডেবিট কার্ড-এর সুবিধা থাকবে।

৩. উপরের সুবিধাগুলির জন্য কোনও মাসুল লাগবে না। নিষ্ক্রিয় 'প্রাথমিক সঞ্চয় ব্যাঙ্ক জমা একাউন্ট' সক্রিয় করা অথবা নিষ্ক্রিয় রাখার জন্য কোনও মাসুল ধার্য করা হবে না।

৪. অন্যান্য জরুরি বিষয়গুলি নির্ধারণ করার স্বাধীনতা শহরাস্থলিক সমবায় ব্যাঙ্কগুলির থাকবে যার মধ্যে নির্দিষ্ট প্রাথমিক ন্যূনতম পরিষেবার বাইরে অতিরিক্ত মূল্য-যুক্ত পরিষেবাগুলির মাসুল ঠিক করা যা যুক্তিসঙ্গতভাবে ও স্বচ্ছতার ভিত্তিতে করা হবে এবং কোনও ধরনের বৈষম্য ব্যতিরেকে লাগু করা হবে।

৫. 'প্রাথমিক সঞ্চয় ব্যাঙ্ক জমা একাউন্ট'গুলি - আরবিআই কর্তৃক সময়ে সময়ে ব্যাঙ্ক একাউন্ট খোলার ক্ষেত্রে 'আপনার গ্রাহককে জানুন' (কে ওয়াই সি) / 'অবৈধ টাকা বৈধকরণ প্রতিরোধ' সংক্রান্ত জারি করা নির্দেশাবলিগুলি - মেনে চলবে। যদি সরলীকৃত কেওয়াইসি ভিত্তিতে এই ধরনের একাউন্ট খোলা হয়ে থাকে, সেই ক্ষেত্রে এই একাউন্টগুলি 'ক্ষুদ্র একাউন্ট' বলে গণ্য করা হবে। এই ধরনের একাউন্টগুলি সংক্রান্ত 'আপনার গ্রাহককে জানুন' (কেওয়াইসি) বিধি / অবৈধ-টাকা বৈধকরণ প্রতিরোধী (এএমএল) ব্যবস্থা/আর্থিক সন্ত্রাস প্রতিরোধ (সিএফটি) / অবৈধ-টাকা বৈধকরণ নিবারণ আইন (পিএমএলএ), ২০০২-এর অধীন ব্যাঙ্কগুলির দায়বদ্ধতা বিষয়ে জুলাই ২, ২০১২ তারিখে জারি করা মূল সার্কুলার ইউবিডি.বিপিডি. (সিসিবি).এমসি.নং.১৬/১২.০৫.০০১/২০১২-১৩-এর অনুচ্ছেদ ২.৬ (৩)-এ প্রদত্ত নির্দিষ্ট শর্তসমূহ এই একাউন্টগুলিকে মেনে চলতে হবে।

৬. যাঁদের 'প্রাথমিক সঞ্চয় ব্যাঙ্ক জমা একাউন্ট' খোলা হয়েছে তাঁরা ওই ব্যাঙ্কে অন্য কোনও সঞ্চয় ব্যাঙ্ক জমা একাউন্ট খুলতে পারবেন না। যদি কোনও গ্রাহকের অন্য কোনও সঞ্চয় ব্যাঙ্ক জমা একাউন্ট ওই ব্যাঙ্কে থাকে তবে সেটি 'প্রাথমিক সঞ্চয় ব্যাঙ্ক জমা একাউন্ট' খোলার ৩০ দিনের মধ্যে বন্ধ করে দিতে হবে।

৭. বর্তমানে প্রাথমিক ব্যাঙ্কিং পরিষেবা দেওয়ার জন্য খোলা 'নো-ক্রিগ্‌স' একাউন্টকে উপরোক্ত অনুচ্ছেদ ২-এ প্রদত্ত নির্দেশাবলি অনুযায়ী 'প্রাথমিক সঞ্চয় ব্যাঙ্ক জমা একাউন্ট'-এ পরিবর্তন করে নিতে হবে।

আপনার বিশ্বস্ত,

(এ.উদগাতা)

দায়িত্বপ্রাপ্ত মহাপ্রবন্ধক